দামুড়হুদায় ৫১তম জাতীয় স্কুল শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় ৫১তম বাংলাদেশ জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৩ সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকাল ৩টার দিকে দামুড়হুদা শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠে এই ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উপজেলা স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতির আয়োজনে, দামুড়হুদা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল মতিন এর সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা বেগম।

এ সময় আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী। দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম প্রমুখ।

দামুড়হুদা বাজারের নাইটগার্ডদের মাঝে কম্বল বিতরণ

করলেন- ওসি ফেরদৌস ওয়াহিদ

দামুড়হুদায় গভীর রাতে বিভিন্ন বাজারে নাইট গার্ড ও শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেছেন দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ। গতকাল রবিবার দিনগত গভীর রাতে তিনি এই কম্বল বিতরণ করেন।

জানাগেছে চুয়াডাঙ্গা জেলায় দেশের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড হয়েছে, শুরু হয়েছে শীতের তীব্রতা। ঘন কুয়াশা ও তীব্র শীতে দামুড়হুদা উপজেলায় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। তারই ধারাবাহিকতায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ গভীর রাতে উপজেলার বিভিন্ন বাজার পরিদর্শন করেন।

এসময় তিনি উপজেলার বিভিন্ন বাজারের নাইট গার্ডদের নিজের হাতে কম্বল জড়িয়ে দেন এবং বাজারে ছিন্নমূল রাত্রি যাপনকারী মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

দামুড়হুদায় উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার বেলা সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের আয়োজনে উপজেলা পরিষদের সভা কক্ষে এই মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু’র সভাপতিত্বে এসময় সভায় উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান শাহিদা বেগম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান মনির, উপজেলা সমাজসেবা অফিসার

তোফাজ্জেল হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা হেলেনা আক্তার নিপা, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আঃ করিম বিশ্বাস, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, হাউলী ইউনিয়ন পরিষদের (ভারপ্রাপ্ত) চেয়ারম্যান নিজাম উদ্দিনসহ উপজেলা পরিষদের সব কার্যালয়ের কর্মকর্তা বৃন্দ।

দামুড়হুদায় সড়ক দুর্ঘটনায় আহত একজনের ২৯ দিন পর মৃত্যু

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের সামনে মহান বিজয় দিবস পালনের সময় অবৈধ লাটা হাম্বারের ধাক্কায় স্কুলের নাইটগার্ড আশরাফুল গুরুতর আহত হয়। চিকিৎসাধীন অবস্থায় ২৯দিন পর ঢাকার ইসলামিয়া হাসপাতালে গতকাল শনিবার রাত ১২টার দিকে আশরাফুল মৃত্যু বরণ করেন।

উল্লেখ, উপজেলার লোকনাথপুর সহশিক্ষা মাধ্যমিক বিদ্যালয়ের সামনে গত ১৬ই ডিসেম্বর একই স্কুলের নাইট গার্ড লোকনাথপুর গ্রামের মুংলা মির’র ছেলে আশরাফুল (৩০) এবং নবম শ্রেণীর ছাত্র একই গ্রামের মতিয়ার রহমানের ছেলে সিজান (১৬) কে ইট ভর্তি অবৈধ লাটা হাম্বা দিয়ে পেছন থেকে দ্রুত গতিতে ধাক্কা দেয় একই গ্রামের রেজাউলের ছেলে সাব্বির (১৮)। ঘটনাস্থলে দুজন মারাত্মক আহত হয়। আহতদের স্থানীয়রা উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে সিজানকে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করেন, এবং আশরাফুল চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি আছে বলে জানা যায়। তার অবস্থা আশঙ্কাজনক ছিল। নাইট গার্ড আশরাফুল কে ৫/৬ দিন চিকিৎসার পরে অবস্থার অবনতি হলে রাজশাহী রেফার্ড করা হয়। পরে ঢাকায় রেফার্ড করা হয়। প্রায় ৪ সপ্তাহ চিকিৎসাধীন অবস্থায় তিনি ঢাকার ইসলামিয়া হাসপাতালে মৃত্যু বরণ করেন।

সরজমিনে গিয়ে এলাকাবাসীর কাছে জানতে চাইলে তারা বলেন, মহান বিজয় দিবসে স্কুল কতৃপক্ষ ছাত্র ছাত্রীদের মাঝে খোরমা বিতরণ করছিল। তখন খুরমা বিতরণে কম হয়ে গেলে ছাত্র ছাত্রীরা হট্টগোল শুরু করে। এরই একপর্যায়ে স্কুল থেকে বেরিয়ে এসে স্কুলের বাইরে গেটে ছাত্র-ছাত্রীরা হট্টগোল শুরু করে। তখন পেছন থেকে ইট ভর্তি অবৈধ লাটা হাম্বা নিয়ে নাবালক অনভিজ্ঞ ড্রাইভার একই স্কুলের ১০ম শ্রেণীর ছাত্র সাব্বির পিছন দিক থেকে সজোরে হট্টগোলের মধ্যে গাড়ি চালিয়ে দেয়।

তখন লোকনাথপুর স্কুলের নাইট গার্ড আশরাফুল ও একই গ্রামের নবম শ্রেণীর ছাত্র সিজান গুরুতর আহত হয়। বেশ কয়েক সপ্তাহ চিকিৎসাধীন অবস্থায় আশরাফুল মৃত্যু বরণ করলো। এভাবে মেন রাস্তায় গাড়ির আসল ড্রাইভার এবং গাড়ির মালিক থাকা অবস্থায় কিভাবে একজন নাবালক ছেলেকে গাড়ি চালাতে দিল। এলাকাবাসী আরও জানান, মেন রাস্তায় এসব অবৈধ গাড়ি যেন না চলে এবং গাড়ি গুলো যেন কোন অবস্থাতেই নাবালক ড্রাইভারদের হাতে দেওয়া না হয় সে বিষয়ে প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করেন।

এবিষয়ে চালক সাব্বিরের পিতা রেজাউল বলেন, আমার ছেলেই গাড়ি চালাচ্ছিল।
রাস্তার উপর ছেলেপেলে হট্টগোল করছিল,আমরা মনে করেছিলাম সবাই সরে যাবে। কিন্তু কেউ রাস্তা থেকে সরেনি। যার কারনে দূর্ঘটনা ঘটে গেছে।

এবিষয়ে নিহত আশরাফুলের পিতা মুংলা বলেন, আমর ছেলে মারা গেছে এই ব্যাপারে আমার কারো উপর কোন অভিযোগ নেই।

রবিবার বাদ জোহর লোকনাথপুর ঈদগাহ ময়দানে জানাযা অনুষ্ঠিত হয় এবং লোকনাথ পুর কবরস্থানে দাফন কার্য সম্পন্ন হয়।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ বলেন, বিষয়টি আমর জানানেই। অভিযোগ পেলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

দামুড়হুদায় ভৈরব নদীর পানি নিয়ন্ত্রন অবকাঠামো (ওয়্যার) নির্মান কাজের উদ্বোধন

দামুড়হুদা উপজেলার পাটাচোরা-সুবলপুর গ্রামের উপর দিয়ে বয়ে যাওয়া ভৈরব নদীর উপর পানি নিয়ন্ত্রন অবকাঠামো (ওয়্যার) নির্মান কাজের উদ্বোধন করা হয়েছে।

রবিবার দুপুরে চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলি আজগার টগর প্রধান অতিথী হিসাবে উপস্থিত থেকে ২৮কোটি ৩ লক্ষ ৯৮ হাজার টাকা ব্যায়ে এই নির্মান কাজের উদ্বোধন করেন।

প্রধান অতিথি বলেন, প্রধান মন্ত্রী শেখ হাসিনার সরকার উন্নয়নরে সরকার, দেশে কোন কাচা রাস্তা নেই। গ্রাম থেকে সহর পর্যন্ত পিচ রাস্তা যাতায়াতে যেখানে এক ঘন্টা সময় লাগতো এখন ১০ মিনিটে সেই রাস্তা পাড়ি দেওয়া যায়। এই সরকারের আমলে বিশ্বের বড় বড় ধনী দেশের মত আমাদের দেশেও মেট্রোরেল চালু হয়েছে। উন্নয়নের ধারাবাহিকতায় দামুড়হুদায় ৮৫ কিঃ মিঃ ভৈরব নদি পূর্ণঃ খনন করা হয়েছে। এবার এই নদের উপর ওয়্যার নির্মান কাজের উদ্বোধন করা হলো। এটা আপনাদের সম্পদ রক্ষা করা দায়িত্ব আপনাদের।

চুয়াডাঙ্গা পানিউন্নয়ন বোর্ডের নির্বাহী প্রেকৌশলী আরিফ আহাম্মেদের সভাপতিত্বে, উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সভাপতি মাহাফুজুর রহমান মঞ্জু, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক হাজী সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ।

চুয়াডাঙ্গা সরকারি কলেজের সহকারী অধ্যপক মন্সী আবু সাইফের সঞ্চালনায় বক্তব্য রাখেন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, নাটাদা ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি,কার্পাসডাঙ্গা ইউপির সাবেক চেয়ারম্যান খলিলুর রহমান ও দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক শফিউল কবির ইউসুফ।

দামুড়হুদায় গ্রামবাংলার ঐতিহ্যবাহী দড়িটানা খেলা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দামুড়হুদায় হয়ে গেলো গ্রাম-বাংলার ঐহিত্যবাহী দড়িটানা খেলা। উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামে এ খেলার আয়োজন করা হয়। গ্রামের পশ্চিমপাড়া যুবসংঘের আয়োজনে শনিবার দিনব্যাপি গ্রামসংলগ্ন ভৈরব নদের তীরে এ খেলা অনুষ্ঠিত হয়। ঐতিহ্যবাহী এ খেলা দেখতে হাজারো মানুষের ঢল নামে কার্পাসডাঙ্গা গ্রামে।

আয়োজকরা জানান, খেলায় মোট ৮টি দল অংশ নেয়। শনিবার সকাল থেকে কার্পাসডাঙ্গা গ্রামের তিনটি দল, জগন্নাথপুর গ্রামের দুটি দল এবং গচিয়ারপাড়া, কোমরপুর ও আনন্দবাস গ্রামের একটি করে দল খেলায় অংশ নেয়।

শনিবার বিকালে এ সংবাদ লেখা পর্যন্ত খেলা চলমান ছিলো। আয়োজনরা জানান, খেলায় চ্যাম্পিয়ন ও রানারআপ দলকে পুরষ্কার হিসেবে একটি করে ছাগল প্রদান করা হবে।

দামুড়হুদা মডেল থানা পুলিশ হাতে প্রতারক চক্রের সদস্য গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের হাতে আবারো আন্তঃজেলা প্রতারক চক্রের সক্রিয় সদস্য আটক, এবং একটি বাজাজ সিটি ১০০ মোটরসাইকেল, ৫৫ টি ভুয়া মেমো এবং প্রতারণার মাধ্যমে আত্মসাৎকৃত নগদ ২৭০০/-

হাজার টাকা উদ্ধার।

আটককৃত হলেন দামুড়হুদা উপজেলার রামনগর গ্রামের রেজাউল হকের ছেলে আলিফ (৩৭)। আজ বুধবার বিকাল ৫টার দিকে তাকে নিজ বাড়ি থেকে আটক করা হয়।

পুলিশ সুত্রে জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুনের সার্বিক দিক নির্দেশনায় দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে দামুড়হুদা মডেল থানার এসআই তৌহিদুর রহমান শেখ সঙ্গীয় ফোর্সসহ তথ্য প্রযুক্তির ভিত্তিতে উপজেলার জুড়ানপুর ইউনিয়নের রামনগর গ্রামস্থ ক্লাব মোড় সংলগ্ন আসামীর নিজ বসত বাড়ি থেকে কৌশলে প্রতারণার মাধ্যমে অর্থ হাতিয়ে নেয়া চক্রের মূল হোতা আলিফ কে আটক করে।

আটককৃত ব্যাক্তি দামুড়হুদা, আলমডাঙ্গা, জীবননগর চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মেহেরপুর ও ঝিনাইদহ সহ আসপাশের জেলায় প্রতারণা করে অর্থ হাতিয়ে নেয়। সে আশপাশের জেলাগুলো থেকে প্রতারণা করে বিভিন্ন ব্যবসায়িদের কাছথেকে মোটা অর্থ হাতিয়ে নিত। পুলিশ এমন তথ্য পেয়ে তথ্য-প্রযুক্তির মাধ্যমে সনাক্ত করে তাকে আটক করে।

এবিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে প্রতারনা মামলা রুজু করা হয়েছে। বৃহস্পতিবার তাকে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা

সভা

দামুড়হুদায় ২০২২-২৩ অর্থ বছরে রবি মৌসুমে সমলয়ে চাষাবাদে রাইস ট্রান্সপ্লান্টারের মাধ্যমে বোরো ধান রোপন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মিশন পাড়ায়।

দামুড়হুদা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের বাস্তবায়নে উক্ত আলোচনা সভায় চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক বিভাস চন্দ্র সাহা’র সভাপতিত্বে, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা প্রশিক্ষণ অফিসার মোহাম্মদ আলী জিন্নাহ, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মনিরুজ্জামান মনির, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম সহ স্থানীয় কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত

দামুড়হুদায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালিত হয়েছে আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা ডাক বাংলা চত্তরে।

বঙ্গবন্ধুর স্বপ্ন ক্ষুধা, দারিদ্র্যমুক্ত ও অসাম্প্রদায়িক চেতনার বাংলাদেশ গড়বোই।

এই শ্লোগানকে সামনে রেখে উক্ত অনুষ্ঠানে জেলা পরিষদের চেয়ারম্যান ও দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি মাহফুজুর রহমান মঞ্জু’র সভাপতিত্বে, এসময় উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক ও সাবেক জেলা পরিষদের সদস্য শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ন – সাধারণ সম্পাদক আঃ আজিজ, জেলা পরিষদের নবনির্বাচিত সদস্য এ্যাডঃ সিরাজুল ইসলাম, সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলী।

দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাবেক আহবায়ক এ্যাডঃ আবু তালেব এর সঞ্চালনায় এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ হাশেম মেম্বার, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মমিন মাস্টার, জুড়ানপুর ইউনিয়ন আওয়ামীগের সাধারণ সম্পাদক আবু তালেব মাষ্টার,নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী,নতিপোতা ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ রাজ্জাক ফাকের মাষ্টার।নাটুদহ ইউনিয়ন আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক আঃ সালাম, ৩নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ইমতিয়াজ হোসেন, দামুড়হুদা উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক শওকত আলী, সহ সভাপতি সাইফুল ইসলাম।দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জামিরুল ইসলাম,সাবেক সাধারণ সম্পাদক নিশান তরফদার।দামুড়হুদা সদর ইউনিয়ন ছাত্র লীগের সভাপতি শেখ সোহেল, হাউলী ইউনিয়ন ছাত্র লীগের আহবায়ক রাসেল আহাম্মেদ, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহ্বায়ক আঃ করিম, সাবেক ছাত্রলীগ নেতা আনারুল, দর্শনা কলেজ ছাত্রলীগ নেতা হৃদয় হাসান, নাহিদ বিশ্বাস অনিক , সবুজ সহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, দামুড়হুদা খাঁনপাড়া জামে মসজিদের ইমাম মাওলানা জয়নাল আবেদীন।

দামুড়হুদার পীরপুরকুল্লায় বিয়ের ৫ দিনের মাথায় প্রেমিকের সাথে লাপাত্তা নববধূর

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামে বিয়ের ৫ দিনের মাথায় ঘরে স্বামী রেখে প্রেমিকের হাত ধরে নববধূর লাপাত্তা হবার ঘটনা ঘটেছে।

জানা গেছে,পীরপুরকুল্লা গ্রামের নতুন পাড়ার নাজিম উদ্দীন (কালু) ছেলে প্রবাসী আশরাফের কন্যা সপ্তম শ্রেনীর ছাত্রী আরফিনার দুধপাতিলা গ্রামের এক গরু ব্যাবসায়ী ছেলের সাথে ৫ দিন পূর্বে বাল্য বিবাহ অনুষ্ঠিত হয়। তার পরিবার বড়লোক ছেলে দেখে বিয়ে দিলেও তার মন পড়ে থাকে যশোরের প্রেমিকের প্রতি। ঘরে একদিকে নতুন জামাই আরেক দিকে আরফিনার ছোট মার আত্মীয় পরিচয়ে হাজির যশোরের সে প্রেমিক। দুদিন সে প্রেমিক তার বাড়িতে অবস্থান করে সুযোগ বুঝে গত শুক্রবার আরফিনা ও তার প্রেমিক পাড়ি জমায় যশোরে।

পরবর্তীতে আরফিনার পরিবার আজ শনিবার যশোরে গেছে আরফিনা ও তার প্রেমিকের পরিবারের সাথে বসে সমাধান করতে।আরফিনার দাদী জানান আরফিনার স্বামী তো তাকে আর নেবেনা। এখন সেখানেই দিতে হবে।আরফিনার মা জানান মেয়ে তার কাছে চলে গেছে এখন দেখা যাক কি হয়।স্থানীয় অনেকে নাম না প্রকাশ করার শর্তে বলেন আরফিনার মা ও তার ছোট মা যশোরের ছেলের সাথে প্রেমের সব সম্পর্ক জানে। ওর ছোট মা ছেলেকে ডেকে এনে তার হাতে কৌশলে তুলে দিয়ে এখন নাটক করছে।কারন আরফিনার বাবা প্রবাসে থাকে সে জানলে তাদের বকাবকি করবে।
ঘরে নতুন স্বামী রেখে প্রেমিকের হাত ধরে চলে যাওয়ার আরফিনার প্রতি ছি ছি রব উঠেছে এলাকায়।সেই সাথে আরফিনার বাল্য বিবাহ দেবার সাথে জড়িত তার অভিভাবক, ঘটক ও যিনি বিবাহ পড়িয়েছেন তার কঠোর শাস্তির দাবী তুলেছে এলাকাবাসী সহ সচেতন মহল।